

রোকেয়া চেয়ার ২০২৩ মনোনয়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি

দেশের সকল পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের (শুধুমাত্র স্থায়ী সনদপ্রাপ্ত) যে সকল অধ্যাপক/গবেষক নারী শিক্ষা, নারী ক্ষমতায়ন, নারী উন্নয়ন ও নারী সমাজের অগ্রগতির ক্ষেত্রে কাজ করে যাচ্ছেন, তাদের মধ্য থেকে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ১ (এক) জন শিক্ষক/গবেষককে ২ (দুই) বছরের জন্য 'রোকেয়া চেয়ার' হিসেবে মনোনয়ন প্রদানের নিমিত্ত নিম্নোক্ত সুবিধাদি ও শর্তাবলীর অধীনে নির্ধারিত ফরমে আবেদন করার আহবান জানানো যাচ্ছে।

(১) শর্তাবলি:


- (ক) কেবলমাত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত অধ্যাপক/গবেষকগণ 'রোকেয়া চেয়ার'-এর জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন;
- (খ) 'রোকেয়া চেয়ার'-এ আবেদনের ক্ষেত্রে বয়সসীমা ৫৫ বছর বা তদুর্ধ্ব;
- (গ) 'রোকেয়া চেয়ার' হবে পূর্ণকালীন এবং নির্বাচিত অধ্যাপক/গবেষক-কে অবশ্যই নিজ প্রতিষ্ঠান হতে ছুটি নিয়ে 'রোকেয়া চেয়ার'-এ যোগদান করতে হবে।
- (ঘ) নির্বাচিত অধ্যাপক/গবেষক 'রোকেয়া চেয়ার'-এর সকল সুযোগ-সুবিধা গ্রহণ করলে বিশ্ববিদ্যালয় তার বেতন-ভাতাবিহীন কর্মরত ছুটি প্রদান করবে।
- (ঙ) নির্বাচিত অধ্যাপক/গবেষক-কে স্বীকৃত পাবলিক বিশ্ববিদ্যালয়ে সংযুক্ত থেকে গবেষণা কর্ম সম্পাদন করতে হবে;
- (চ) মনোনয়নের জন্য কমিশনের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
- (ছ) নারী শিক্ষা, নারী ক্ষমতায়ন, নারী উন্নয়ন ও নারী সমাজের অগ্রগতি বিষয়ক পূর্বের কর্ম অভিজ্ঞতা এবং এই বিষয়ে ভবিষ্যৎ কর্ম-পরিকল্পনা সংক্ষিপ্তাকারে আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।
- (জ) রোকেয়া চেয়ার হিসেবে যোগদানের পূর্বে পূর্ণাঙ্গ রিসার্চ প্ল্যানের সাথে টাইম ফ্রেমও কমিশনে জমা দিতে হবে;
- (ঝ) নির্বাচিত অধ্যাপক/গবেষক যে বিশ্ববিদ্যালয়ের সাথে সংযুক্ত থেকে গবেষণা কর্ম পরিচালনা করবেন, সেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংশ্লিষ্ট গবেষককে কক্ষ বরাদ্দ, ইন্টারনেট সংযোগসহ কম্পিউটার ও অন্যান্য সুযোগ-সুবিধার ব্যবস্থা করবে।
- (ঞ) নির্ধারিত মেয়াদের মধ্যে অধ্যাপক/গবেষককে তার গবেষণাকর্মের ওপর ৩টি গবেষণা প্রবন্ধ ও ১টি পুস্তক প্রকাশকরণসহ ৩টি সেমিনার আয়োজন করতে হবে;
- (ট) নির্বাচিত অধ্যাপক/গবেষক একইসাথে অন্যকোনো চেয়ার/ফেলোশিপ গ্রহণ করতে পারবেন না;
- (ঠ) রোকেয়া চেয়ার থাকাকালীন অন্য চাকরিতে (পূর্ণকালীন/খডকালীন/চুক্তিভিত্তিক) নিয়োজিত হতে পারবেন না;
- (ড) গবেষণাকর্ম সম্পন্ন না করলে অথবা পরিত্যাগ করলে অথবা ফেলোশিপ বাতিল করা হলে অধ্যাপক/গবেষক কর্তৃক গৃহীত সমুদয় অর্থ কমিশনে ফেরৎ প্রদান করতে হবে।

(২) 'রোকেয়া চেয়ার' হিসেবে চূড়ান্তভাবে মনোনীত ব্যক্তিত্ব সম্মানী ও আনুষঙ্গিক সুবিধাদি প্রাপ্য হবেন:

- (ক) নির্বাচিত অধ্যাপক/গবেষকের সম্মানী জাতীয় বেতন স্কেল কাঠামো অনুযায়ী একজন সিলেকশন গ্রেডপ্রাপ্ত অধ্যাপকের সর্বোচ্চ মাসিক বেতনের সমতুল্য হারে প্রদান করা হবে;
- (খ) জাতীয় বেতন স্কেল কাঠামো অনুযায়ী একজন সিলেকশন গ্রেডপ্রাপ্ত অধ্যাপকের সর্বোচ্চ মাসিক বেতনের সমতুল্য হারে বাড়ি ভাড়া প্রদান করা হবে;
- (গ) সেমিনার/ওয়ার্কশপ ইত্যাদি আয়োজনের জন্য সর্বোচ্চ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদান করা হবে;
- (ঘ) বই, জার্নাল, গবেষণা সামগ্রী, ফটোকপি, প্রিন্টিং ইত্যাদি বাবদ এককালীন সর্বোচ্চ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা প্রদান করা হবে।

এমতাবস্থায়, 'রোকেয়া চেয়ার' নীতিমালার আলোকে দেশের সকল পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের (শুধুমাত্র স্থায়ী সনদপ্রাপ্ত) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ১ (এক) জন অধ্যাপক/গবেষকের নাম ও আবেদন ফরম (বিত্তারিত জীবন বৃত্তান্ত সংযুক্ত) ও তথ্য ছক যথাযথভাবে পূরণপূর্বক রিসার্চ প্ল্যান (টাইমফ্রেমসহ) ও প্রকাশনাসমূহ (যদি থাকে) পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, ইউজিসি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর ডাকযোগে এবং বন্ধনীতে উদ্ধৃত ই-মেইলে (director_research@ugc.gov.bd) আগামী ১৬-১১-২০২৩ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, রোকেয়া চেয়ার নীতিমালা, বিজ্ঞপ্তি, আবেদন ফরম, তথ্য ছক ও এতদসংক্রান্ত সার্কুলার ইউজিসি'র ওয়েবসাইটের (www.ugc.gov.bd) সম্মাননা সেবাবক্সে পাওয়া যাবে।



ড. মোঃ ফখরুল ইসলাম
পরিচালক

রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন